



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়,
মৌলভীবাজার।

টেলিফোন : ০২৯৯৬৬৮৬৩১৩, ০২৯৯৬৬৮৬৫৩৪

E mail : crmmoulvibazar@krishibank.org.bd

বিষয় : জানুয়ারী/২০২৪ হতে মার্চ/২০২৪ পর্যন্ত সময়কালের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কামাল হোসেন, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

তারিখ : ৩১.০৩.২০২৪ খ্রিঃ, বিকালঃ ৩.০০ ঘটিকা।

স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”

- ০১। সভার শুরুতে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থিত সকলকে পরিকল্পনা বাস্তবায়ন সফল করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।
- ০২। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব জানুয়ারী হতে মার্চ/২০২৪ পর্যন্ত সময়কালের শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ও বাস্তবায়ন প্রতিবেদন পর্যালোচনা করেন।
- ০৩। সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :
ক) জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ও বাস্তবায়ন সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীলতার সাথে তাদের দায়িত্ব যথাসময়ে ও যথাযতভাবে পালন করতে হবে।
খ) জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ও বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল বিবরণী বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটের এনআইএস ট্যাগে যথাসময়ে আপলোড করতে হবে।
গ) অত্র অঞ্চলের সকল শাখাকে শুদ্ধাচার বিষয়ক সুপারিশমালা বাস্তবায়ন করতে হবে।
ঘ) প্রকাশ্যে ঋণ বিতরণ কর্মসূচী জোরদার করতে হবে।
ঙ) সকল কার্যালয় ও শাখাকে স্ব স্ব কর্ম পরিবেশের(স্বাস্থ্য বিধি অনুসরণ/অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) উন্নয়ন ঘটাতে হবে।
গ) সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণীবিন্যাসকরণ এবং শ্রেণীবিন্যাসকৃত নথি বিনষ্ট করতে হবে।
- ০৪। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কামাল হোসেন)

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সভাপতি

তারিখ : ৩১.০৩.২০২৪

নং- মুআকামৌঃ প্রশা-৫(শুদ্ধাচার)/২০২৩-২০২৪/১৭৩৬

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। স্টাফ অফিসার , মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিকা, সিলেট।
- ২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মৌলভীবাজার।
- ৩। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মৌলভীবাজার মুখ্য অঞ্চল।

(অগ্নিরুদ্ধ দাশ)

উর্দ্ধতন কর্মকর্তা

ও

সদস্য সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা